

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হৃদয় ব্যস্ত না থাকলে কুরআন তিলাওয়াত করুন

অবসর সময়ে কুরআনে মন বসবে ভালো। অতএব রাতের তিলাওয়াত সবচেয়ে উত্তম। মহান আল্লাহ বলেন,

إِنَّ نَاشِئَّةَ اللَّيْلِ هِيَ أَشَدُّ وَطْئًا وَأَقْوَمُ قِيلًا إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيلًا _

অর্থাৎ, নিশ্চয়ই রাত্রির জাগরণ (কুরআন) হৃদয়ঙ্গমের জন্য অধিক সহায়ক এবং সঠিক তিলাওয়াতের পক্ষে অধিক অনুকূল। অবশ্যই দিবাভাগে রয়েছে তোমার দীর্ঘ কর্মব্যস্ততা।[1]

বিশেষ করে ফজরের সময় কুরআন তিলাওয়াত বড় ফ্যীলতপূর্ণ। মহান আল্লাহ বলেন,

أُقِمِ الصَّلَاةَ لِدُلُوكِ الشَّمْسِ إِلَى غَسَقِ اللَّيْلِ وَقُرْآنَ الْفَجْرِ إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا

অর্থাৎ, সূর্য হেলে পড়ার সময় থেকে রাতের অন্ধকার পর্যন্ত স্বলাত কায়েম কর এবং ফজরের কুরআন (নামাযের সময় ফিরিস্তা) উপস্থিত থাকে।[2]

ফুটনোট

- [1]. সূরা মুযযাম্মিল-৭৩:৬-৭
- [2]. সূরা ইসরা-১৭:৭৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=7902

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন